

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩১০

৭/ তালাক (کتاب الطلاق)

পরিচ্ছেদঃ ৫০. ব্যভিচারের পরিণাম

بَابٌ فِي تَعْظِيمِ الزِّنَا

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ أَبِي وَائِلِ، عَنْ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ، عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، أَيُّ الذَّنْبِ أَعْظَمُّ؟ قَالَ: أَنْ تَجْعَلَ لِلَّهِ فَلْتُ: ثُمَّ أَيُّ؟ قَالَ: أَنْ تَقْتُلَ وَلَدَكَ مَخَافَةَ أَنْ يَأْكُلَ مَعَكَ، قَالَ: قُلْتُ: ثُمَّ أَيُّ؟ قَالَ: قَالَ: وَأَنْزَلَ اللَّهُ تَعَالَى تَصِيْدِيقَ قَوْلِ النَّبِيِّ قُلْتُ: ثُمَّ أَيُّ؟ قَالَ: وَأَنْزَلَ اللَّهُ تَعَالَى تَصِيْدِيقَ قَوْلِ النَّبِيِّ قَلْتُ مَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَالَّذِينَ لَا يَدْعُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَهًا آخَرَ وَلَا يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ وَلَا يَوْنُونَ) [الفرقان: ٦٨] الْآيَة

صحيح

বাংলা

২৩১০। আব্দুল্লাহ (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি বললাম, হে আল্লাহর রাসূল! সবচেয়ে বড় পাপ কি? তিনি বলেনঃ আল্লাহর সাথে কাউকে শরীক করা, অথচ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন। বর্ণনাকারী বলেন, আমি বললাম, তারপর কোনটি? তিনি বললেনঃ তোমার সন্তান তোমার খাদ্যে ভাগ বসাবে এ ভয়ে তাকে হত্যা করা। তিনি বলেন, এরপর কোনটি? তিনি বললেনঃ তোমার প্রতিবেশীর স্ত্রীর সাথে তোমার যিনা করা। বর্ণনাকারী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথার সমর্থনে অবতীর্ণ করা হয়ঃ "যারা আল্লাহর সাথে অন্য কোনো ইলাহকে আহ্বান করে না এবং আল্লাহর হারাম করা কোনো প্রাণকে অকারণে হত্যা করে না এবং যিনা করে না। তবে যারা এরূপ করে, তারা তাদের পাপের ফল ভোগ করবে।"[1]

সহীহ।

English



'Abd Allaah (bin Masud) said "I asked Apostle of Allaah (**) which sin is the gravest?" He replied "That you associate someone with Allaah, while He has created you". I again asked "Which then?" He replied "That you commit adultery with the wife of your neighbor." Allaah then revealed the following Qur'anic verse in support of the statement of the Prophet (**) "Those who invoke not with Allaah any other god nor slay such life as Allaah has made sacred except for just cause nor commit fornication."

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন